# আল-কলম | Al-Qalam | ٱلْقَلَم

আয়াতঃ ৬৮ : ৪৭

## আরবি মূল আয়াত:

أَم عِندَهُمُ الغَيبُ فَهُم يَكتُبونَ ﴿٤٧﴾

## অনুবাদসমূহ:

অথবা তাদের কাছে কি ‘গায়েব’ (লওহে মাহফুয) আছে যে, তারা লিখে রাখছে। — আল-বায়ান

নাকি তাদের কাছে গায়েবের খবর আছে যা তা তারা লিখে রাখে। — তাইসিরুল

তাদের কি অদৃশ্যের জ্ঞান আছে যে, তারা তা লিখে রাখে? — মুজিবুর রহমান

Or have they [knowledge of] the unseen, so they write [it] down? — Sahih International

৪৭. নাকি তাদের কাছে গায়েবের জ্ঞান আছে যে, তারা তা লিখে রাখে!

-

তাফসীরে জাকারিয়া

(৪৭) তাদের কি অদৃশ্যের জ্ঞান আছে যে, তারা লিখে রাখে? [1]

[1] অর্থাৎ, তারা অদৃশ্য বিষয়ে জ্ঞাত নাকি? ‘লাওহে মাহফূয’ তাদের আয়ত্তে নাকি যে, সেখান থেকে যে কথা তারা চায়, তা সংগ্রহ করে নেয় (লিখে নেয়)? এই জন্য তারা তোমার আনুগত্য করার এবং তোমার উপর ঈমান আনার কোন প্রয়োজন মনে করে না। এর জওয়াব হল, না, এমন কক্ষনো নয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5318

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন